দৈনিক বাংলা

তারিখ ... 04 JAN 1996 ...
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ২ ...

15

# উপবৃত্তির টাকা আত্মসাৎ

**নিজস্ব সংবাদদাতা ঃ** গাইবান্ধা।– গাইবান্ধা জেলার বিভিন্ন মাধ্যমিক বিদ্যালয়ে ভুয়া ছাত্রী দেখিয়ে উপ বৃত্তির টাকা আত্মসাতের অভিযোগ পাওয়া গেছে। বিয়ে অথবা অন্য কোন কারণে লেখাপড়া ছেড়ে দিয়েছে এমন মেয়েকেও নিয়মিত ছাত্রী দেখিয়ে উপবৃত্তির টাকা উত্তোলন করা হচ্ছে। পাশাপাশি প্রাথমিক বিদ্যালয়ের ছাত্রীকেও উচ্চ বিদ্যালয়ের ছাত্রী বানিয়ে উপবৃত্তির টাকা উত্তোলনের সুনির্দিষ্ট অভিযোগ পাওয়া গেছে।

সাঘাটা থানার জুমারবাড়ি ইউনিয়নের কুন্দুপাড়া ইউনাইটেড নিম্ন মাধ্যমিক বিদ্যালয় সম্পর্কে এ ধরনের একটি অভিযোগ পাওয়া গেছে। পার্শ্ববর্তী কুন্দুপাড়া বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ের ৪র্থ ও ৫ম শ্রেণীর ছাত্রীকে উল্লিখিত বিদ্যালয়ের ৬ষ্ঠ শ্রেণীর ছাত্রী দেখিয়ে উপবৃত্তির টাকা তোলা হচ্ছে।

কুন্দুপাড়া বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ের ৪র্থ শ্রেণীর ছাত্রী লতিফা বেগম (রোল নং ৩১)-এর নাম পরিবর্তন করে ৬ষ্ঠ শ্রেণীতে ভর্তি দেখিয়ে সাঘাটা অগ্রণী ব্যাংক শাখায় একাউন্ট খোলা হয়েছে (একাউন্ট নং ৯৫/৫১০৭-৫), একই বিদ্যালয়ের ৫ম শ্রেণীর ছাত্রী বালিকা খাতুন (রোল নং ৮)-এর নাম পরিবর্তন করে রোজিনা বেগম দেখিয়ে একই ব্যাংকে একাউন্ট খোলা হয়েছে (একাউন্ট নং ৯৫/৫১০৬-৭)। এছাড়া, একই প্রাথমিক বিদ্যালয়ের ৫ম শ্রেণীর ছাত্রী বিউটি বেগম (রোল নং ১৪)-এর নামে (ব্যাংকের একাউন্ট নং ৯৫(৫০১০-২) উপবৃত্তির টাকা উত্তোলন করা হচ্ছে।

প্রত্যেক থানায় সম্প্রতি শিক্ষা বিভাগ একজন করে সহকারী শিক্ষা কর্মকর্তা নিয়োগ করেছেন এ ধরনের ভুয়া ছাত্রীসহ উপবৃত্তি সংক্রান্ত সকল কার্যক্রম তদারকির জন্য। এর পরও এ ধরনের ঘটনা ঘটায় জনমনে নানা প্রশ্ন দেখা দিয়েছে।